দৈনিক ইত্তেফাক

তারিখ 11 FEB 1989
পৃষ্ঠা 3 কলাম 1

তথ্য ও পরিসংখ্যান শাখা
ডকুমেন্টেশন কেন্দ্র
বাংলাদেশ

৮৪

# মেধা ও জ্ঞান যাচাইয়ে পরীক্ষা পদ্ধতিতে নয়া ধারা প্রবর্তিত হইবে

—শিক্ষামন্ত্রী

এক সরকারী তথ্য বিবরণীতে বলা হয় যে, শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম নকল প্রবণতা রোধে পরীক্ষায় নতুন পদ্ধতি প্রবর্তনের আহ্বান জানাইয়াছেন। তিনি বলে ছাত্র-ছাত্রীদের মেধা ও জ্ঞান যাচাইয়ের ক্ষেত্রে সরকার পরীক্ষা পদ্ধতিতে নতুন ধারা প্রবর্তনে দৃঢ় প্রতিজ্ঞ। মন্ত্রী গত বৃহস্পতিবার ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড মিলনায়তনে মাধ্যমিক পরীক্ষা সংস্কার টাস্কফোর্স কর্তৃক আয়োজিত শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়ের প্রশিক্ষকদের জন্য একদিন

( ৪থ পৃঃ দ্রঃ )

## শিক্ষামন্ত্রী

( ৩য় পৃঃ পর )

ব্যাপী এক কর্মশিবিরের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে একথা বলেন।

মাধ্যমিক পরীক্ষা সংস্কার টাস্কফোর্সের আহ্বায়ক ডঃ মজহারুল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত এ ওয়ার্কশপে শিক্ষা সচিব হেদায়েত আহমেদ এবং বোর্ডের চেয়ারম্যান আবদুর রশীদ চৌধুরীও বক্তৃতা করেন। উল্লেখ্য, শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়ের যেসব শিক্ষক জেলা পর্যায়ে শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রমে প্রশিক্ষকের দায়িত্ব পালন করিতেছেন তাহাদের মধ্য হইতে দেড় শতাধিক শিক্ষক এ কর্মশিবিরে অংশগ্রহণ করিয়াছেন।

ইত্তেফাকের রিপোর্টার জানান, গত বৃহস্পতিবার মতিঝিল মডেল হাইস্কুলের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে শিক্ষা মন্ত্রী শেখ শহীদুল ইসলাম বাস্তব ভিত্তিক শিক্ষাদানের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের ভবিষ্যতের সুনাগরিক হিসাবে গড়িয়া তোলার জন্য শিক্ষক সমাজের প্রতি আহ্বান জানান। মন্ত্রী মডেল স্কুলের সার্বিক উন্নয়নে প্রয়োজনীয় আর্থিক সাহায্য প্রদানের আশ্বাস দেন। ঢাকার অতিরিক্ত জেলা প্রশাসক লস্কর আবুল কালামের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় আরও বক্তৃতা করেন শিক্ষা সচিব হেদায়েত আহমদ।